রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২২ সনের ৪৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৭৩—৮৮৮ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৬০৯—১৬৩১ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১৮১—১২২০ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

### শিল্প মন্ত্রণালয়
### পরিকল্পনা-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৯/২৭ জুলাই ২০২২

নং **৩৬.০০.০০০০.০৮১.১৪.০১৯.১৯-১৫১**—শিল্প মন্ত্রণালয়ের অধীন বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন 'অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ (১ম সংশোধিত)'-শীর্ষক প্রকল্প এলাকায় অবস্থিত বিদ্যমান পুরাতন মসজিদটি অপসারণ কার্যক্রম তদারকীকরণের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

১। চেয়ারম্যান, বিসিআইসি

**সদস্যবৃন্দ**

২। যুগ্মসচিব (পরিকল্পনা), শিল্প মন্ত্রণালয়
৩। পরিচালক (পরিকল্পনা), বিসিআইসি
৪। জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি
৫। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের একজন প্রতিনিধি
৬। জেলা প্রশাসক, ঢাকা-এর একজন প্রতিনিধি
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কদমতলী থানা

**সদস্য-সচিব**

৮। প্রকল্প পরিচালক, 'অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ (১ম সংশোধিত)'-শীর্ষক প্রকল্প।

**কমিটির কার্যপরিধি :**

ক) প্রকল্প সাইটে বিদ্যমান (Existing) মসজিদটি অপসারণের দিন/সময় সরেজমিন উপস্থিত থেকে কার্যক্রম তদারকি;

খ) বিদ্যমান মসজিদ অপসারণে প্রকল্প সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

গ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে; এবং

ঘ) বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**প্রদোষ কান্তি দাস**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**সরকারি কলেজ-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/২১ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৭.২০২১.৩৭৮**—যেহেতু, মির্জা মোঃ মঈন উদ্দিন (১৫৪৬২), সহকারী অধ্যাপক (অর্থনীতি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ০১-০৪-২০২১ খ্রি. হতে ১৬-১১-২০২১ খ্রি. পর্যন্ত ০৭ (সাত) মাস ১৬ (ষোলো) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয় এবং তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন। গত ২২-০২-২০২২ খ্রিষ্টাব্দে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং জবাবও শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং উক্ত প্রতিবেদন মতে মির্জা মোঃ মঈন উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং ঘটনার পারিপার্শ্বিকতা বিবেচনাপূর্বক মির্জা মোঃ মঈন উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩২(আ) ধারা অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য পদোন্নতি স্থগিতকরণসহ তার অননুমোদিত অনুপস্থিতকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, মির্জা মোঃ মঈন উদ্দিন (১৫৪৬২), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩২(আ) ধারা অনুযায়ী ০২ (দুই) বছরের জন্য পদোন্নতি স্থগিতকরণ করা হলো এবং তার অননুমোদিত অনুপস্থিতকালকে (০১-০৪-২০২১ খ্রি. হতে ১৬-১১-২০২১ খ্রি.) পর্যন্ত ০৭ (সাত) মাস ১৬ (ষোলো) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দীক**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/২৪ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩৮.০০.০০০০.০০৪.০৪.০২২.২১-৩৪৫**—যেহেতু, বেগম মর্জিনা পারভীন, উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ [সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চঃ দাঃ), সাঁথিয়া, পাবনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, বেগম মর্জিনা পারভীন, উপজেলা শিক্ষা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ [সাবেক উপজেলা শিক্ষা অফিসার (চঃ দাঃ), সাঁথিয়া, পাবনা]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" অর্থাৎ তার বর্তমান মূল বেতন ৪৭,৩০০/- হতে ৪৫,০৪০/- টাকায় অবনমিতকরণ দণ্ড প্রদান করা হলো। তার বেতন ৪৫,০৪০/- টাকায় নির্ধারণ করতে হবে। উক্ত দণ্ডাদেশ পরবর্তী ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে। বেতন অবনমিতকরণকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আমিনুল ইসলাম খান**
সিনিয়র সচিব।

---

**রেলপথ মন্ত্রণালয়**
**প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ শ্রাবণ ১৪২৯/৩১ জুলাই ২০২২

নং **৫৪.০০.০০০০.০২৩.৪৬.০০২.২২.৫৬**—যেহেতু, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর ১৬-০৮-২০২০ খ্রি. তারিখের ০৭ নং মামলায় জনাব মোঃ রমজান আলী, সরকারি রেল পরিদর্শক, প্রাক্তন প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী-এর বিরুদ্ধে এজাহারে বর্ণিত অপরাধ তদন্তকালে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ এর চার্জশীট নং-১৭, তারিখ : ২৩-০২-২০২২ খ্রি. বিজ্ঞ আদালতে দাখিল করার পর ঢাকা মহানগর কোর্টের মেট্রো মামলা নং-বিঃ ৮৬/২০২০ তারিখ : ২৫-০৪-২০২২ খ্রি. মোতাবেক মামলাটি আমলে নেয়া হয়েছে; এবং

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারায় উল্লেখ রয়েছে "কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজদারি মামলায় গ্রেফতার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেফতার বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে;"

সেহেতু, জনাব মোঃ রমজান আলী, সরকারি রেল পরিদর্শক, প্রাক্তন প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারামতে ৩১-০৭-২০২২ খ্রি. তারিখ হতে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে উক্ত কর্মকর্তা বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ হুমায়ুন কবীর**
সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/২৪ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০২.১৫(অংশ-১)২২৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | দিয়াখালী | ৪০ | ৪৪৩৪ | ১টি | সাভার | ঢাকা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**চিত্রা শিকারী**
সিনিয়র সহকারী সচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ জুলাই ২০২২ খ্রিঃ

নং **৩২.০০.০০০০.০৩৮.০৬.০৫৯.১৮.৩৬৭**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা, কুড়িগ্রাম জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

| ক্রমিক নং | নাম, পিতা/স্বামীর নাম ও ঠিকানা | পদবি |
|---|---|---|
| ০১ | জনাব আহমেদ নাজমীন সুলতানা, স্বামী : এ.টি.এম আখতার হোসেন চিনু, গ্রাম-পুরাতন স্টেশন মোক্তার পাড়া, ডাকঘর : কুড়িগ্রাম, উপজেলা : কুড়িগ্রাম সদর, জেলা-কুড়িগ্রাম। | চেয়ারম্যান |
| ০২ | মোছাঃ সেলিনা আক্তার, স্বামী-মোঃ আব্দুল বাতেন, গ্রাম-পুরাতন থানা পাড়া, ডাকঘর : কুড়িগ্রাম, উপজেলা : কুড়িগ্রাম সদর, জেলা-কুড়িগ্রাম। | সদস্য |
| ০৩ | মোছাঃ রওশানারা বেগম, স্বামী-শাহ্ মোঃ আব্দুস সাত্তার, গ্রাম-গোরস্তান পাড়া, ডাকঘর : কুড়িগ্রাম, উপজেলা : কুড়িগ্রাম সদর, জেলা-কুড়িগ্রাম। | সদস্য |
| ০৪ | মোছাঃ ফারহানাজ আকতার নাজু, স্বামী-মোঃ সাইদ হাসান নোবান, গ্রাম-মোল্লা পাড়া, ডাকঘর : কুড়িগ্রাম, উপজেলা : কুড়িগ্রাম সদর, জেলা-কুড়িগ্রাম। | সদস্য |
| ০৫ | ফাহমিদা আনাম লাজ, পিতা-মোঃ খায়রুল অলম, গ্রাম-উকিল পাড়া, নতুন শহর, ডাকঘর : কুড়িগ্রাম, উপজেলা : কুড়িগ্রাম সদর, জেলা-কুড়িগ্রাম। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব আহমেদ নাজমীন সুলতানা, স্বামী : এ.টি.এম আখতার হোসেন চিনু, গ্রাম-পুরাতন স্টেশন মোক্তার পাড়া, ডাকঘর : কুড়িগ্রাম, উপজেলা : কুড়িগ্রাম সদর, জেলা-কুড়িগ্রাম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ২৮-০৭-২০২২ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোনো সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সিনিয়র সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ শ্রাবণ ১৪২৯/২৫ জুলাই ২০২২

নং **৪৫.০০.০০০০.১৮২.৮২.০০১.২১.১৪২**—এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল) পরিচালনা পর্ষদের সদস্য (পরিচালক) হিসেবে নিম্নোক্ত কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলো।

| ক্র: নং | কর্মকর্তার নাম, পদবি ও ঠিকানা | পদের নাম মনোনীত<br>পদের নাম ও প্রতিষ্ঠান | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার<br>সচিব,<br>স্বাস্থ্য সেবা বিভাগ,<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়<br>ফোন : ০২-২২৩৩৫৭১৯৯<br>মোবাইল : ০১৭১১-৯৭১০১২<br>ই-মেইল : secretary@hsd.gov.bd | সদস্য (পরিচালক)<br>এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড<br>(ইডিসিএল) পরিচালনা পর্ষদ | তিনি জনাব লোকমান হোসেন মিয়া, প্রাক্তন সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্থলাভিষিক্ত হবেন। |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সহকারী সচিব।

---

**সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা শাখা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১৬০.১১৪.০০৯.২০১৫.২৭৫**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ, তা নিরসন এবং স্বাস্থ্য সেবা সার্বিক মান বৃদ্ধিকল্পে নিম্নবর্ণিত কমিটিসমূহ নির্দেশক্রমে গঠন করা হল :

**(১) ১০ শয্যা, ২০ শয্যা, ৩১ শয্যা ও ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালসমূহ পরিবীক্ষণ (মনিটরিং) কমিটি :**

**কমিটির রূপরেখা :**

| ক্রম | নাম, পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | দায়িত্ব |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৩ | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৪ | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫ | পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৬ | পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৭ | পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৮ | পরিচালক, প্রাইমারী হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৯ | পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | সদস্য |
| ১০ | উপসচিব, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ১১ | উপসচিব, পার-৩, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |

| ক্রম | নাম, পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | দায়িত্ব |
|---|---|---|
| ১২ | সহকারী একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ১৩ | উপপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৪ | উপপরিচালক হাসপাতাল-১ স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৫ | সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ১৬ | লাইন ডিরেক্টর, উপজেলা হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(১) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের নিম্নোক্ত বিষয়সমূহের সমস্যা চিহ্নিতকরণ এবং তা সমাধানে বিশেষ গুরুত্ব দেওয়া :

১.১ সার্বিক ভৌত অবকাঠামোর সমস্যা চিহ্নিতকরণ এবং তা সমাধানের ব্যবস্থা নেয়া;

১.২ হাসপাতালের ডাক্তার, নার্সসহ সকল জনবলের উপস্থিতি নিশ্চিত করা, শূন্য পদ পর্যালোচনা ও পুরণের ব্যবস্থা নেয়া, হাসপাতালে ভিজিটর নিয়ন্ত্রণ করা;

১.৩ Supply Chain management Platform (Including medical equipments, heavy instruments etc.) নিশ্চিত করা;

১.৪ স্টোর ব্যবস্থাপনা পর্যালোচনা এবং হাসপাতালের মনোহরই সামগ্রী, ওষুধপত্র মজুদ পরিস্থিতি পর্যালোচনা, ওষুধের মেয়াদের মধ্যে ওষুধ ব্যবহার নিশ্চিত করা এবং এ সংক্রান্ত কোনো সমস্যা থাকলে চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা নেয়া;

১.৫ হাসপাতালের বিদ্যমান ফ্যান, লাইট, এসি ইত্যাদি নিরীক্ষা করে সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। গ্যাস, পানি, বিদ্যুৎ সরবরাহ বিল নিয়মিত পরিশোধ করার কার্যকর ব্যবস্থা গ্রহণ করা;

১.৬ হাসপাতালের ভিতর-বাহিরের পরিবেশ : ওয়ার্ড, কেবিন, এম্বুল্যান্স, দরজা-জানালা, ফার্নিচার মেঝে, দেওয়াল, টয়লেট ইত্যাদির সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার ব্যবস্থা নেয়া;

১.৭ হাসপাতালের রোগীদের খাবার রান্নাঘরের পরিস্কার-পরিচ্ছন্নতা ও রোগীদের খাবারের যথাযথ মান নিশ্চিত করা;

১.৮ হাসপাতালের অভ্যন্তরের ও চত্বরের যত্রতত্র ময়লা আবর্জনা পরিস্কার করাসহ মেডিকেল বর্জ্যসমূহের যথাযথ ডিজপোস করার ব্যবস্থা নিশ্চিত করা;

১.৯ ঔষধের প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিত করা এবং কোনো ওষুধ মেয়াদ উত্তীর্ণ না হওয়ার বিষয়টি নিশ্চিত করাসহ সরবরাহকৃত ঔষধের সঠিক ব্যবহার নিশ্চিত করা;

(২) বিভিন্ন সময়ে এ আওতাধীন প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য কমিটির অন্তর্ভূক্ত/বাইরের সদস্যদের সমন্বয়ে এক/একাধিক ডেডিকেটেড টিম গঠন করে পরিদর্শন প্রতিবেদন সংগ্রহ করা;

(৩) গঠিত ডেডিকেটেড কর্তৃক টিম প্রতিদিন হাসপাতালগুলো মনিটরিং করা এবং প্রাপ্ত তথ্য মনিটরিং কমিটির নিকট দাখিল করা;

(৪) এ সংক্রান্ত দৈনন্দিন প্রতিবেদন অনলাইনে সংগ্রহ করার জন্য একটি ছক প্রস্তুত করা এবং অনলাইনে সিস্টেমের মাধ্যমে তথ্য সংগ্রহ করা;

(৫) গঠিত টিম কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে কমিটি কর্তৃক সপ্তাহে ১ (এক) দিন সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা;

(৬) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে বিদ্যমান বিভিন্ন কমিটির কার্যক্রম তদারকি করা;

(৭) সাপ্তাহিক ভিত্তিতে কাজের অগ্রগতির সংক্ষিপ্ত প্রতিবেদন লিপিবদ্ধ করা এবং সচিব ও মন্ত্রীকে অবহিত করা;

(৮) সচিব ও মন্ত্রীর দপ্তরে বিস্তারিত মাসিক প্রতিবেদন দাখিল করা এবং এ বিষয়ে সভার মাধ্যমে মন্ত্রীকে অবহিত করা;

(৯) এই কমিটির পরিদর্শন ব্যয় $4^{th}$ HPNSP অনুযায়ী উপজেলা হেলথ কেয়ার অপারেশনাল প্লান হতে নির্বাহ করা হবে;

(১০) এই কমিটি ভবিষ্যতে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(২) **জেলা পর্যায়ের হাসপাতাল, মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতা, ইন্সটিটিউটসমূহ পরিবীক্ষণ (মনিটরিং) কমিটি :**

**কমিটির রূপরেখা :**

| ক্রম | নাম, পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | দায়িত্ব |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (হাসপাতাল অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৩ | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৪ | অতিরিক্ত মহাপরিচালক (শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫ | যুগ্মসচিব অতিরিক্ত/সচিব (প্রশাসন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৬ | যুগ্মসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৭ | যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (পার অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৮ | মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৯ | পরিচালক (উন্নয়ন), এস এস ডি, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১০ | পরিচালক (প্রশাসন), এস এস ডি, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১১ | পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১২ | পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৩ | পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৪ | পরিচালক (স্বাস্থ্য), সংশ্লিষ্ট বিভাগ | সদস্য |
| ১৫ | উপপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৬ | সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ১৭ | পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | সদস্য |
| ১৮ | লাইন ডিরেক্টর, হসপিটাল সার্ভিস ম্যানেজমেন্ট, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(১) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের নিম্নোক্ত বিষয়সমূহের সমস্যা চিহ্নিতকরণ এবং তা সমাধানে বিশেষ গুরুত্ব দেওয়া :

১.১ সার্বিক ভৌত অবকাঠামোর সমস্যা চিহ্নিতকরণ এবং তা সমাধানের ব্যবস্থা নেয়া;

১.২ হাসপাতালের ডাক্তার, নার্সসহ সকল জনবলের উপস্থিতি নিশ্চিত করা, শূন্য পদ পর্যালোচনা ও পুরণের ব্যবস্থা নেয়া, হাসপাতালে ভিজিটর নিয়ন্ত্রণ করা;

১.৩ Supply Chain management Platform (Including medical equipments, heavy instruments etc.) নিশ্চিত করা;

১.৪ স্টোর ব্যবস্থাপনা পর্যালোচনা এবং হাসপাতালের মনোহরই সামগ্রী, ওষুধপত্র মজুদ পরিস্থিতি পর্যালোচনা, ওষুধের মেয়াদের মধ্যে ওষুধ ব্যবহার নিশ্চিত করা এবং এ সংক্রান্ত কোনো সমস্যা থাকলে চিহ্নিত করে সমাধানের ব্যবস্থা নেয়া;

১.৫ হাসপাতালের বিদ্যমান ফ্যান, লাইট, এসি ইত্যাদি নিরীক্ষা করে সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। গ্যাস, পানি, বিদ্যুৎ সরবরাহ বিল নিয়মিত পরিশোধ করার কার্যকর ব্যবস্থা গ্রহণ করা;

১.৬ হাসপাতালের ভিতর-বাহিরের পরিবেশ : ওয়ার্ড, কেবিন, এম্বুল্যান্স, দরজা-জানালা, ফার্নিচার মেঝে, দেওয়াল, টয়লেট ইত্যাদির সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার ব্যবস্থা নেয়া;

১.৭ হাসপাতালের রোগীদের খাবার রান্নাঘরের পরিষ্কার পরিচ্ছন্নতা ও রোগীদের খাবারের যথাযথ মান নিশ্চিত করা;

১.৮ হাসপাতালের অভ্যন্তরের ও চত্বরের যত্রতত্র ময়লা আবর্জনা পরিষ্কার করাসহ মেডিকেল বর্জ্যসমূহের যথাযথ ডিজপোস করার ব্যবস্থা নিশ্চিত করা;

১.৯ ঔষধের প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিত করা এবং কোনো ওষুধ মেয়াদ উত্তীর্ণ না হওয়ার বিষয়টি নিশ্চিত করাসহ সরবরাহকৃত ঔষধের সঠিক ব্যবহার নিশ্চিত করা;

(২) বিভিন্ন সময়ে কমিটির আওতাধীন প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য কমিটির অন্তর্ভুক্ত/বাইরের সদস্যদের সমন্বয়ে এক/একাধিক ডেডিকেটেড টিম গঠন করে পরিদর্শন প্রতিবেদন সংগ্রহ করা;

(৩) গঠিত ডেডিকেটেড কর্তৃক টিম প্রতিদিন হাসপাতালগুলো মনিটরিং করা এবং প্রাপ্ত তথ্য মনিটরিং কমিটির নিকট দাখিল করা;

(৪) এ সংক্রান্ত দৈনন্দিন প্রতিবেদন অনলাইনে সংগ্রহ করার জন্য একটি ছক প্রস্তুত করা এবং অনলাইনে সিস্টেমের মাধ্যমে তথ্য সংগ্রহ করা;

(৫) গঠিত টিম কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে কমিটি কর্তৃক সপ্তাহে ১ (এক) দিন সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা;

(৬) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে বিদ্যমান বিভিন্ন কমিটির কার্যক্রম তদারকি করা;

(৭) সাপ্তাহিক ভিত্তিতে কাজের অগ্রগতির সংক্ষিপ্ত প্রতিবেদন লিপিবদ্ধ করা এবং সচিব ও মন্ত্রীকে অবহিত করা;

(৮) সচিব ও মন্ত্রীর দপ্তরে বিস্তারিত মাসিক প্রতিবেদন দাখিল করা এবং এ বিষয়ে সভার মাধ্যমে মন্ত্রীকে অবহিত করা;

(৯) এই কমিটির পরিদর্শন ব্যয় $4^{th}$ HPNSP অনুযায়ী উপজেলা হেলথ কেয়ার অপারেশনাল প্লান হতে নির্বাহ করা হবে;

(১০) এই কমিটি ভবিষ্যতে প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**(৩) চলমান প্রকল্পসমূহ এবং যে সকল প্রকল্প ও স্বাস্থ্য স্থাপনা সমাপ্ত হয়েছে, কিন্তু প্রাতিষ্ঠানিক কার্যক্রম চালু হয়নি এবং যে সব প্রকল্প চালুর অপেক্ষায় এমন প্রতিষ্ঠানসমূহের পরিবীক্ষণ (মনিটরিং) কমিটি :**

**কমিটির রূপরেখা :**

| ক্রম | নাম, পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | দায়িত্ব |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৩ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৪ | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৫ | যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (প্রকল্প বাস্তবায়ন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৬ | যুগ্মসচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৭ | পরিচালক (পরিকল্পনা উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৮ | পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৯ | পরিচালক (স্বাস্থ্য), সংশ্লিষ্ট বিভাগ | সদস্য |

| ক্রম | নাম, পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | দায়িত্ব |
|---|---|---|
| ১০ | পরিচালক (হাসপাতাল), এস এস ডি, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১১ | পরিচালক (সরকারি হাসপাতাল ব্যবস্থাপনা), এস এস ডি, স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১২ | মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ১৩ | উপসচিব, নির্মাণ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ১৪ | সহকারী পরিচালক (পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৫ | সহকারী পরিচালক (প্রকল্প সমন্বয়), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ১৬ | সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ১৭ | প্রতিনিধি, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ১৮ | প্রতিনিধি, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ১৯ | প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ২০ | প্রতিনিধি, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | সদস্য |
| ২১ | লাইন ডিরেক্টর, প্ল্যানিং, মনিটরিং এন্ড রিসার্চ | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি :**

(১) সারা দেশে স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে চলমান বিভিন্ন প্রকল্পসমূহ পরিদর্শনের মাধ্যমে চলমান প্রকল্পসমূহ পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করা। পরিবীক্ষণকালে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত প্রকল্প পরিবীক্ষণ ছক-২০২২ (সর্বশেষ হালনাগাতকৃত) অনুযায়ী পরিবীক্ষণ সম্পন্ন করা;

(২) যে সকল নতুন প্রতিষ্ঠানের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে, কিন্তু প্রতিষ্ঠানের কার্যক্রম চালু হয়নি এবং সেবা প্রদান শুরু হয়নি এমন প্রতিষ্ঠানগুলো চিহ্নিত করা এবং উক্ত প্রতিষ্ঠানসমূহে দ্রুত কার্যক্রম ও সেবা চালু করার ক্ষেত্রে অন্তরায়সমূহ চিহ্নিত করে অন্তরায়সমূহ সমাধানের ব্যবস্থা নেয়া;

(৩) চলমান প্রকল্পসমূহ এবং প্রকল্প সমাপ্ত হয়েছে, কিন্তু প্রাতিষ্ঠানিক কার্যক্রম চালু হয়নি এমন প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ও সেবা চালু হওয়ার পূর্ব পর্যন্ত সেই স্থাপনাগুলো সঠিক রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে যথাযথ ব্যবস্থা নেয়া;

(৪) বিভিন্ন সময়ে কমিটির আওতাধীন প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের জন্য কমিটির অন্তর্ভুক্ত/বাইরের সদস্যদের সমন্বয়ে এক/একাধিক ডেডিকেটেড টিম গঠন করে পরিদর্শন প্রতিবেদন সংগ্রহ করা;

(৫) গঠিত ডেডিকেটেড টিম কর্তৃক প্রতিদিন হাসপাতালগুলো মনিটরিং করা এবং প্রাপ্ত তথ্য মনিটরিং কমিটির নিকট দাখিল করা;

(৬) এ সংক্রান্ত দৈনন্দিন প্রতিবেদন অনলাইনে সংগ্রহ করার জন্য একটি ছক প্রস্তুত করা এবং অনলাইনে সিস্টেমের মাধ্যমে তথ্য সংগ্রহ করা;

(৭) টিম কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে কমিটি কর্তৃক ১৫ (পনেরো) দিন পর পর বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা;

(৮) স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় স্থানীয়ভাবে বিদ্যমান বিভিন্ন কমিটির কার্যক্রম তদারকি করা;

(৯) ১৫ (পনেরো) দিন পর পর কাজের অগ্রগতি সংক্ষিপ্ত প্রতিবেদন লিপিবদ্ধ করা এবং সচিব ও মন্ত্রীকে অবহিত করা;

(১০) সচিব ও মন্ত্রীর দপ্তরে বিস্তারিত মাসিক প্রতিবেদন দাখিল করা এবং এ বিষয়ে সভার মাধ্যমে সচিব ও মন্ত্রীকে অবহিত করা;

(১১) কমিটির পরিদর্শন ব্যয় 4th HPNSP অনুযায়ী উপজেলা হেলথ কেয়ার অপারেশনাল প্লান হতে নির্বাহ করা হবে;

(১২) কমিটি প্রয়োজনে যে কোনোও সদস্য কো-অপ্ট করতে পারবে।

(৪) **জনবল নিয়োগ, পদায়ন, বদলি পদোন্নতি সমন্বয় কমিটি :**

**কমিটির রূপরেখা :**

| ক্রম | নাম, পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | দায়িত্ব |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ | সভাপতি |
| ২ | অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৩ | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (পার অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৪ | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৫ | যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৬ | মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৭ | পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৮ | পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর | সদস্য |
| ৯ | পরিচালক, এইচআরএম, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১০ | পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | সদস্য |
| ১১ | উপসচিব, পার-২, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য-সচিব |

**কমিটির কার্মপরিধি :**

(১) হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের সেবার মান প্রত্যাশিত পর্যায়ে উন্নীতকরণে জনবল চাহিদা নিরূপণ, চাহিদা অনুযায়ী জনবলের বিদ্যমান পদ পূরণ ও নতুন পদ সৃজনের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা;

(২) বিভিন্ন স্তরের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে জনবলের হালনাগাদ তথ্য সংগ্রহ, জনবল পদায়নে/সংকট নিরসনে জটিলতা থাকলে তার কারণ চিহ্নত করা এবং গৃহীতব্য পদক্ষেপসমূহের অগ্রাধীকার নিরূপণপূর্বক কর্ম পরিকল্পনা করা;

(৩) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ সকল স্তরের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান, চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বদলি ও পদায়নে আন্তঃদপ্তর সমন্বয় নিশ্চিত করা;

(৪) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ কর্মকর্তাদের নিয়মিত পদোন্নতির কার্যক্রম গতিশীল রাখার বিষয়টি তদারকি করা এবং উদ্ভূত যে কোনো জটিলতা নিরসনে অগ্রণী ভূমিকা পালন করা;

(৫) নিয়মিত পদোন্নতি চলমান রাখতে বিদ্যমান কোনো আইন/বিধির সংশোধন/পরিমার্জন প্রয়োজন হলে এই কমিটি তা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ করা;

(৬) এই কমিটি বিভিন্ন সময়ে তার আওতাধীন প্রতিষ্ঠাসমূহে পরিদর্শনের জন্য কমিটির অন্তর্ভুক্ত/বাইরের সদস্যদের সমন্বয়ে এক/একাধিক ডেডিকেটেড টিম গঠন করে পরিদর্শন প্রতিবেদন সংগ্রহ করা;

(৭) গঠিত ডেডিকেটেড কর্তৃক টিম প্রতিদিন হাসপাতালগুলো মনিটরিং করা এবং প্রাপ্ত তথ্য মনিটরিং কমিটির নিকট দাখিল করা;

(৮) টিম কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে ১৫ (পনেরো) দিন পরপর সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা;

(৯) ১৫ (পনেরো) দিন পরপর কাজের অগ্রগতির সংক্ষিপ্ত প্রতিবেদনে লিপিবদ্ধ করা এবং সচিব ও মন্ত্রীকে অবহিত করা;

(১০) সচিব ও মন্ত্রীর দপ্তরে বিস্তারিত মাসিক প্রতিবেদন দাখিল করা এবং এ বিষয়ে সভার মাধ্যমে সচিব ও মন্ত্রীকে অবহিত করা;

(১১) পরিদর্শন ব্যয় 4th HPNSP অনুযায়ী উপজেলা হেলথ কেয়ার অপারেশনাল প্লান হতে নির্বাহ করা হবে;

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ রোকন উদ্দিন**
উপসচিব।

**বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ জ্যৈষ্ঠ ১৪২৯/১৩ জুন ২০২২

নং **৪৫.১৬২.১১৬.০০.০০.০২৬.২০১৮.১৬৭**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৪-০৪-২০১৯ তারিখের ৭৫১ নং প্রজ্ঞাপনের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নিম্নবর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে বাংলাদেশ ন্যাশনাল কাউন্সিল ফর দি ব্লাইন্ড (BNCB) এর কমিটি পূনর্গঠন করা হল।

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা

৫. চেয়ারম্যান, কমিউনিটি ক্লিনিক ট্রাস্ট

৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

৭. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

৮. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

৯. দুইজন স্বনামধন্য চক্ষু চিকিৎসক—

ক) অধ্যাপক আভা হোসেন, প্রেসিডেন্ট (ইলেক্ট), এশিয়া প্যাসিফিক একাডেমী অফ অফথ্যালমোলজী।

খ) অধ্যাপক ডাঃ দীন মোহাঃ নুরুল হক, প্রাক্তন মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং প্রাক্তন পরিচালক ও অধ্যাপক, জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ও লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার, ঢাকা।

১০. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল, কাউন্সিল

১১. সভাপতি, বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিল

১২. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েশন

১৩. মহাসচিব, বাংলাদেশ মেডিকেল এ্যাসোসিয়েশন

১৪. প্রেসিডেন্ট অফথ্যালমোলজী সোসাইটি অফ বাংলাদেশ

১৫. চেয়ারম্যান, International Agency for Prevention of Blindness (IAPB)

১৬. অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), ২ (দুই)টি সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল

অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), ক) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), খ) চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।

১৭. অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), ২ (দুই)টি বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল/বেসরকারী চক্ষু হাসপাতাল

ক) চীফ এক্সিকিউটিভ অফিসার, ইস্পাহানি ইসলামিয়া আই ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা

খ) অধ্যাপক ও বিভাগীয় প্রধান (চক্ষু), ইব্রাহিম মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

১৮. চেয়ার, আইএনজিও ফোরাম অন আই হেলথ

১৯. ওয়াল্ড হেলথ অর্গানাইজেশন এর একজন প্রতিনিধি

Dr. Sadhana Bhagwat, Team Lead (NCD), WHO, Bangladesh.

২০. দুইজন বিশিষ্ট সাংবাদিক

ক) ফরিদা ইয়াসমিন, প্রেসিডেন্ট, ন্যাশনাল প্রেস ক্লাব।

খ) সৈয়দা ইশতিয়াক রেজা, চীফ এক্সিকিউটিভ অফিসার এন্ড এডিটর ইন চীফ, গ্লোবাল মাল্টিমিডিয়া লিমিটেড।

২১. দুইজন সুশীল সমাজের প্রতিনিধি

ক) অধ্যাপক মেজবাহ কামাল, অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়,

খ) অধ্যাপিকা সাদিকা হালিমা, সমাজ বিজ্ঞান বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

২২. লাইন ডাইরেক্টর, ন্যাশনাল আই কেয়ার এবং পরিচালক ও অধ্যাপক, জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।

০২। মেয়াদ: কাউন্সিলের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ০৩ বছর পর্যন্ত বলবৎ থাকবে।

০৩। কাউন্সিলের নিজস্ব বাজেট থাকবে। এটি সরকারি, স্থানীয় ও বিদেশি অনুদান/মঞ্জুরি এবং সরকার অনুমোদিত অন্য কোনো উৎস হতে প্রাপ্ত অর্থ দ্বারা পরিচালিত হবে।

০৪। কাউন্সিল বছরে ন্যূনতম ০২ (দুই) বার সভায় মিলিত হবেন এবং এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে;

০৫। কমিটির কার্যপরিধি :

* অন্ধত্ব দূরীকরণ এবং অন্ধ ব্যক্তিদের পূনর্বাসন কার্যক্রম সম্প্রসারণের ক্ষেত্রে সরকারকে পরামর্শ প্রদান;
* সমন্বিত অন্ধত্ব দূরীকরণ কর্মসূচী অনুমোদন এবং এ বিষয়ে নীতিমালা নির্ধারণ;
* পুষ্টিহীনতা ও অন্যান্য কারণজনিত অন্ধত্ব হতে শিশুদের সুরক্ষা জোরদার করণ;
* অন্ধত্ব প্রতিরোধমূলক ব্যবস্থাকে শক্তিশালী করণ;
* অন্ধ ব্যক্তিদের কল্যাণমুখী পুনর্বাসনের লক্ষ্যে শিক্ষা ও প্রশিক্ষণমূলক কার্যক্রমের সুযোগ বৃদ্ধি এবং এ ধরনের প্রশিক্ষণমূলক কর্মসূচীকে শক্তিশালীকরণ;
* দৃষ্টিশক্তি প্রতিবন্ধীদের কর্মসংস্থান শক্তিশালীকরণ;
* কাউন্সিলের একটি নির্বাহী কমিটি থাকবে যা কাউন্সিল কর্তৃক গঠিত হবে;
* সরকার কর্তৃক প্রদত্ত অন্য কোনো দায়িত্ব পালন।

০৬। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**উম্মে হাবিবা**
উপসচিব।

---

**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৫ শ্রাবণ ১৪২৯/২০ জুলাই ২০২২

নং **৪৫.০০.০০০০.১৮.২.০৬.০০২.২১.১৪১**—ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৮২ অধ্যাদেশ নং ৮/১৯৮২ এর ধারা ১১(১) এর ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নে বর্ণিত ঔষধসমূহের সর্বোচ্চ খুচরা মূল্য ৩০-০৬-২০২২ খ্রি. তারিখ হতে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

| Sl. No. | Generic Name, Strength & Dosage Form | Mode of Packaging | MRP Without Vat (Per unit) |
|---|---|---|---|
| 01 | Paracetamol 500 mg Tablet | Alu-Alu/Blister | 1.04 |
| 02 | Paracetamol 500 mg Tablet (Rapid) | BLISTER | 1.134 |
| 03 | Paracetamol 665 mg Tablet (XR) | BLISTER | 1.74 |
| 04 | Paracetamol 1000 mg Tablet | Blister | 1.96 |
| 05 | Paracetamol 80 mg/ml Drops 15ml Bottle | Amber Glass Bottle | 17.395 |
| 06 | Paracetamol 80 mg/ml Drops 30ml Bottle | Amber Glass Bottle | 26.09 |
| 07 | Paracetamol 120 mg/5 ml Suspension 60ml Bottle | Amber Glass Bottle | 30.435 |
| 08 | Paracetamol 120 mg/5 ml Suspension 100ml Bottle | Amber Glass Bottle | 43.485 |
| 09 | Paracetamol 120 mg/5 ml Syrup 60ml Bottle | Amber Glass Bottle | 30.435 |
| 10 | Paracetamol 120 mg/5 ml Syrup 100ml Bottle | Amber Glass Bottle | 43.485 |
| 11 | Metronidazole 200 mg Tablet Coated | Blister | 0.87 |
| 12 | Metronidazole 250 mg Tablet Coated | Alu-PVC/Blister | 1.09 |
| 13 | Metronidazole 400 mg Tablet Coated | Alu-PVC/Blister | 1.48 |
| 14 | Metronidazole 500 mg Tablet Coated | Alu-PVC/Blister | 1.74 |
| 15 | Metronidazole 200 mg/5 ml Suspension 60 ml Bottle | Amber Glass Bottle | 30.435 |
| 16 | Metronidazole 200 mg/5 ml Suspension 100 ml Bottle | PET Bottle | 39.135 |

| Sl. No. | Generic Name, Strength & Dosage Form | Mode of Packaging | MRP Without Vat (Per unit) |
|---|---|---|---|
| 17 | Metronidazole 500 mg/100 ml Infusion; 100 ml Glass Bottle | Glass Bottle | 74.35 |
| 18 | Amoxicillin BP 125 mg/1.25 ml Suspension 15 ml Bottle | Amber Glass Bottle | 30.435 |
| 19 | Amoxicillin BP 125 mg/5 ml Suspension 100 ml Bottle | Amber Glass Bottle | 60.87 |
| 20 | Amoxicillin BP 250 mg/5 ml Suspension-DS : 100 ml Bottle | Amber Glass Bottle | 86.96 |
| 21 | Amoxicillin BP 250 mg Capsule | Blister | 3.48 |
| 22 | Amoxicillin BP 500 mg Capsule | Alu-PVC/Blister | 6.52 |
| 23 | Amoxicillin BP 500 mg Injection | 20 ml vial | 47.83 |
| 24 | Xylometazoline HCI 0.05% Nasal Drop 15 ml | HD P E bottle | 15.65 |
| 25 | Xylometazoline HCI 0.1% Nasal Drop 15 ml | HD P E bottle | 17.39 |
| 26 | Procholorperazine 5 mg Tablet | Blister | 0.565 |
| 27 | Procholorperazine 12.5 mg Injection | Blister | 7.83 |
| 28 | Diazepam 10 mg/2 ml Injection | Amber Glass ampoule | 6.09 |
| 29 | Methyldopa 250 mg Tablet | Blister/Strip | 3.48 |
| 30 | Methyldopa 500 mg Tablet | Blister/Strip | 6.09 |
| 31 | Frusemide 20 mg/2 ml Injection | Blister | 7.83 |
| 32 | Frusemide 40 mg Tablet | Blister | 0.87 |
| 33 | Phenobarbital 30 mg Tablet | Alu-PVDC | 0.87 |
| 34 | Phenobarbital 60 mg Tablet | Alu-PVDC | 1.30 |
| 35 | Phenobarbital 50 ml Elixir 20 mg/5 ml | Amber Glass Bottle | 37.395 |
| 36 | Phenobarbital 100 ml Elixir 20 mg/5 ml | Amber Glass Bottle | 60.87 |
| 37 | ORS 500 ml Sachet | Sachet | 5.22 |
| 38 | ORS Fruity 250 ml Sachet | Sachet | 5.22 |
| 39 | Lidocaine 1% WV 20 mg/2 ml Injection | 2 ml Ampoule | 6.09 |
| 40 | Lidocaine 1% WV 50 ml Injection | 50 ml vial | 30.435 |
| 41 | Lidocaine 2% WV 50 ml Injection | 50 ml vial | 34.79 |
| 42 | Folic Acid 0.05 gm/100 ml Oral Solution 100 ml Bottle | Amber PET Bottle | 43.485 |
| 43 | Chlorpheniramine 2 mg/5 ml Syrup 60 ml Bottle | 60 ml Bottle | 17.395 |
| 44 | Benzathine Benzylpenicillin 12 Lac Units/Vial Injection | 7.5 ml vial | 26.09 |
| 45 | Aspirin 75 mg Tablet | Strip | 0.696 |
| 46 | Aspirin 300 mg Tablet | Strip | 1.74 |
| 47 | Phenoxymethyl Penicillin 250 mg Tablet | Blister | 2.435 |
| 48 | Phenoxymethyl Penicillin 500 mg Tablet | Blister | 4.783 |
| 49 | Phenoxymethyl Penicillin 125 mg/5 ml Syrup; 50 ml Bottle | Amber Glass Bottle | 30.435 |
| 50 | Promethazine 5 mg/5 ml Elixir; 100 ml Bottle | Amber Glass Bottle | 30.435 |
| 51 | Promethazine 25 mg/ml Injection | 2 ml Ampoule | 6.09 |
| 52 | Norgestrel 0.30 mg+Ethinylestradiol 0.03 mg Tablet | Blister | 1.74 |
| 53 | Ferrous Fumerate 75 mg Tablet | Blister | 0.435 |

(Fifty three items only)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সহকারী সচিব।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশাবলী

তারিখ : ১০ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-১২৩/৮৭(অংশ)-২৭১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (কাজী মোহাম্মদ মমিনুল ইসলাম, জন্ম তারিখ: ০১-০৯-১৯৮৮ খ্রি., পিতা-কাজী মোহাম্মদ শাহেদ আলী, মাতা-মাজহুরা খাতুন, গ্রাম-জাহাঙ্গীরনগর, ডাকঘর-মঙ্গলকাটা, উপজেলা-সদর, জেলা-সুনামগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার সদর উপজেলার ০১ নং জাহাঙ্গীরনগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ/২২ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৪৭/৮৫-২২১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব তারেক হাসান, জন্ম তারিখ: ১২-১২-১৯৯৩ খ্রি., পিতা-আব্দুল মোহাইমেন, মাতা-চায়না আক্তার, গ্রাম-কাউরাট, ওয়ার্ড নং-০৫, ডাকঘর-নওপাড়া, উপজেলা-কেন্দুয়া, জেলা-নেত্রকোণা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলার ০৯ নং নওপাড়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

## অর্থ মন্ত্রণালয়
## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

### গোয়েন্দা কার্যক্রমে নিযুক্ত কর্মচারীগণের পুরস্কার প্রদান নীতিমালা, ২০২২

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৯/০৪ অক্টোবর ২০২২

নং ০৮.০০.০০০০.০২৩.২৩.০০৫.২১.৩৭—Customs Act, 1969 (Act IV of 1969) এর ধারা 217A, 217B, Income Tax Ordinance 1984 (XXXVI of 1984) এর ধারা 184D, মূল্য সংযোজন আইন ১৯৯১ (১৯৯১ সনের ২২ নম্বর আইন) এর ধারা ৭১কক, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ (২০১২ সনের ৪৭ নম্বর আইন) এর ধারা ১২৬ ক এ কর ফাঁকি উদঘাটন, আদায়, চোরাচালান নিরোধ কার্যক্রম ও এ সংক্রান্ত বিশেষ অবদানের জন্য পুরস্কার প্রদানের বিধান রহিয়াছে। জাতীয় রাজস্ব বোর্ডের অধীনস্থ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল; কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর মূলত কর ফাঁকি উদঘাটন, আদায়, চোরাচালান নিরোধ কার্যক্রম ও এ সংক্রান্ত বিশেষ অবদান মূলক কার্যক্রম সম্পাদন করিয়া থাকে। রাজস্ব সংরক্ষণের স্বার্থে উক্ত দপ্তরসমূহে নিযুক্ত কর্মচারীগণকে আর্থিক প্রণোদনা প্রদানের মাধ্যমে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা জারি করা হইল-

১। এই নীতিমালা ‘গোয়েন্দা কার্যক্রমে নিযুক্ত কর্মচারীগণের পুরস্কার প্রদান নীতিমালা, ২০২২’ নামে অভিহিত হইবে।

২। <u>সংজ্ঞা:</u> এই নীতিমালায়

(ক) “আইন” অর্থ Customs Act, 1969 (Act IV of 1969), Income Tax Ordinance 1984 (XXXVI of 1984), মূল্য সংযোজন আইন ১৯৯১ (১৯৯১ সনের ২২ নম্বর আইন) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ (২০১২ সনের ৪৭ নম্বর আইন) এবং সময়ে সময়ে উক্ত আইন রহিত হইলে যে আইন প্রবর্তিত হইবে সে আইনকে বুঝাইবে;

(খ) “কোয়ার্টার” অর্থ কোন অর্থ বছরের ১২ মাসের ৪ ভাগের এক ভাগ অর্থাৎ ৩ মাস সময়কাল;

(গ) “কর্মচারী” অর্থ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল; কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর এ পদায়নকৃত বা প্রেষণে নিযুক্ত কর্মকর্তা বা কর্মচারী;

(ঘ) “কর” অর্থ আয়কর, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, টার্নওভার কর, আমদানীশুল্ক, রপ্তানিশুল্ক, রেগুলেটরিডিউটি, আগাম কর, জরিমানা, সুদ, অর্থদণ্ড ইত্যাদি।

৩। **<u>নীতিমালার প্রযোজ্যতা:</u>** নীতিমালাটি সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল; কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর এ পদায়নকৃত বা প্রেষণে নিযুক্ত কর্মচারীদের জন্য প্রযোজ্য হইবে।

৪। **<u>পুরস্কার প্রাপ্তির যোগ্যতা:</u>**

(১) পুরস্কার প্রাপ্তির জন্য সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল; কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর এ পদায়নকৃত বা প্রেষণে নিযুক্ত কর্মচারী হইতে হইবে।

(২) কর ফাঁকি উদঘাটন, আদায় এবং চোরাচালান নিরোধ কার্যক্রম অথবা এ সংক্রান্ত কার্যক্রমে একক/দলগতভাবে বিশেষ অবদান/সাফল্য রাখিতে হইবে।

৫। **<u>পুরস্কার প্রাপ্তির শর্তাবলী ও পদ্ধতি:</u>**

(১) বুদ্ধিমত্তা, সততা, আন্তরিকতা, পরিশ্রম, প্রচেষ্টা ও সাহস প্রয়োগ করিয়া আইনের অধীনে কর ফাঁকি উদঘাটন, আদায়, চোরাচালান নিরোধ কার্যক্রম অথবা এ সংক্রান্ত বিশেষ অবদানের জন্য অনুচ্ছেদ (৩) এ বর্ণিত কর্মচারীগণ পুরস্কার এর জন্য বিবেচিত হইবেন;

(২) পুরস্কার খাতে কোন অর্থবছরে উক্ত দপ্তরসমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হইতে কোন নির্দিষ্ট কোয়ার্টারে প্রদেয় পুরস্কার পরবর্তী কোয়ার্টারে প্রদান করা হইবে;

(৩) পুরস্কার মঞ্জুরির ক্ষেত্রে বিবেচ্য বিষয় কোন কর্মচারীর একক কৃতিত্ব বা সাফল্য হিসাবে গণ্য হইবেনা, বরং তা সামগ্রিকভাবে দপ্তরসমূহের কৃতিত্ব বা সাফল্য হিসাবে গণ্য হইবে;

(৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ড এর অনুকূলে কোড নং-৩২১১১০১ এর বিপরীতে বরাদ্দকৃত অর্থ হইতে এই নীতিমালার আওতায় ব্যয় নির্বাহ করা হইবে।

৬। **<u>পুরস্কার মঞ্জুরকারী কর্তৃপক্ষ:</u>** চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড পুরস্কার মঞ্জুরকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হইবেন।

৭। **<u>পুরস্কার যোগ্য অর্থের পরিমাণ নিরূপণ:</u>**

(১) কর ফাঁকি উদঘাটন, আদায় এবং চোরাচালান নিরোধ কার্যক্রম অথবা এ সংক্রান্ত বিশেষ অবদানের জন্য পুরস্কার মঞ্জুরকারী কর্তৃপক্ষের বিবেচনায় পুরস্কারের পরিমাণ নির্ধারণ করা হইবে। তবে, কোন কোয়ার্টারে কোন দপ্তরের জন্য পুরস্কারের পরিমাণ সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক কর ফাঁকি উদঘাটন, চোরাচালান নিরোধ কার্যক্রম অথবা এ সংক্রান্ত বিশেষ অবদানের মাধ্যমে সংশ্লিষ্ট কোয়ার্টারে আদায়কৃত অর্থের ২% এর অধিক হইবে না;

(২) পুরস্কার মঞ্জুরির ক্ষেত্রে একটি কোয়ার্টারে যে সমস্ত কর্মচারীর চাকরি বদলিযোগ্য তাদের অনুকূলে বরাদ্দকৃত পুরস্কারের পরিমাণ সাধারণভাবে ০৩ (তিন) মাসের মূল বেতনের এবং যাদের চাকরি বদলিযোগ্য নয় প্রতি কোয়ার্টারে তাদের অনুকূলে বরাদ্দকৃত পুরস্কারের পরিমাণ সাধারণভাবে ০১ (এক) মাসের মূল বেতনের অধিক হইবে না;

(৩) সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এর কাজের প্রকৃতি বিবেচনায় কর ফাঁকি উদঘাটন ও আদায়ে উক্ত দপ্তরে পদায়নকৃত বা প্রেষণে নিযুক্ত কর্মচারীগণের অসাধারণ অবদানের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান স্বীয় বিবেচনায় প্রতি অর্থবছরে ক্রমিক-২ এর অতিরিক্ত সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসেবে প্রদান করিতে পারিবেন।

৮। **<u>কর্মচারীগণের প্রাপ্য পুরস্কার পরিমাণ নিরূপণ:</u>**

(১) সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল; কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর এ পদায়নকৃত বা প্রেষণে নিয়োজিত কর্মচারীগণকে পুরস্কার প্রদানের ক্ষেত্রে পদমর্যাদা ও বেতন স্কেলের গ্রেড এবং সংশ্লিষ্ট কোয়ার্টারে প্রকৃত কার্যকাল বিবেচনা করা হইবে;

(২) উপানুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন গ্রেড ১১ হতে ২০ এর স্থায়ী কর্মচারীগণের চাকরি সাধারণভাবে বদলীযোগ্য নয় বিধায় তাহাদের ক্ষেত্রে কোন একটি কোয়ার্টারে কোন কর্মচারীর অনুকূলে বরাদ্দকৃত পুরস্কারের পরিমাণ তাঁহার ০১ (এক) মাসের মূল বেতনের অধিক হইবে না।

(৩) কোন কর্মচারী বদলি হইলেও তাঁহার কার্যকালের পুরস্কারের জন্য তিনি বিবেচিত হইবেন।

৯। **<u>পুরস্কারের জন্য বিবেচ্য বিষয়াদি:</u>**

এই নীতিমালার আওতায় পুরস্কার মঞ্জুরির ক্ষেত্রে নিম্নের বিষয়সমূহ বিবেচনা করিতে হইবে:

(১) দপ্তরসমূহে সংশ্লিষ্ট কর্মচারীর কার্যকাল;

(২) কর্মচারীর বেতনস্কেল এর গ্রেড ও পদমর্যাদা;

(৩) গোয়েন্দা কার্যক্রমে নিযুক্ত কর্মচারীগণ এই নীতিমালা ব্যতিত আইনের আওতায় অন্য কোন বিধিমালা বা নীতিমালা অনুসারে পুরস্কারের জন্য বিবেচিত হইবেন না;

(৪) কর ফাঁকি উদঘাটন, আদায়, চোরাচালান নিরোধ কার্যক্রম অথবা এ সংক্রান্ত বিশেষ অবদান সম্পর্কিত প্রতিবেদন পুরস্কার আবেদনের সহিত দাখিল করিতে হইবে; যাহার ভিত্তিতে পুরস্কার মঞ্জুরকারী কর্তৃপক্ষ পুরস্কার মঞ্জুর করিবেন।

১০। **<u>পুরস্কারের প্রস্তাব উত্থাপন:</u>** মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর; এবং মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর প্রতি কোয়ার্টার সমাপ্ত হইবার পরবর্তী ১৫ কার্যদিবসের মধ্যে অনুচ্ছেদ-৯(৪) এ বর্ণিত প্রতিবেদনসহ পুরস্কারের প্রস্তাব চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড এর নিকট উপস্থাপন করিবেন।

১১। **<u>রহিতকরণ ও হেফাজত:</u>** "সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (পুরস্কার মঞ্জুরী) আদেশ, ২০০৯" এতদ্বারা রহিত করা হলো।

১২। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**অগ্নি শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ কার্তিক ১৪২৯/ ০১ নভেম্বর ২০২২

**নং ৫৮.০০.০০০০.০৫৩.২৩.০০১.২০-১৬১**—ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নিম্নবর্ণিত ৪৫ জন কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে তাদের সাহসিকতা, ঝুঁকিপূর্ণ ও সেবামূলক কাজের স্বীকৃতিস্বরূপ ২০২২ সালের (ক) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক (খ) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সেবা পদক (গ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক এবং (ঘ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সেবা পদক প্রদান করা হলো:

**(ক) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক**

| ক্র: | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | মোঃ রবিউল ইসলাম (পিএন-১৪০৪৭), ফায়ারফাইটার (মৃত), সীতাকুন্ড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (২) | মোঃ ফরিদুজ্জামান (পিএন-১৪০৪১), ফায়ারফাইটার (মৃত), সীতাকুন্ড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৩) | মোঃ শফিউল ইসলাম (পিএন-১৩৯৪৫), ফায়ারফাইটার (মৃত), কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৪) | মোঃ নূরুল ইসলাম (পিএন-৩০৬৫), উপসহকারী পরিচালক (চ: দা:), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নরসিংদী |
| (৫) | মুহাম্মদ আবু সায়েম মাসুম (পিএন-২৬৪৬), সিনিয়র স্টেশন অফিসার, সদরঘাট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা |
| (৬) | এ, কে, এম লতিফুল বারী (পিএন-১০৯৯৮), স্টেশন অফিসার, রাজশাহী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন |
| (৭) | মোঃ আবুল হোসেন (পিএন-১২৩২), লিডার, মির্জাপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, টাঙ্গাইল (সংযুক্তঃ তেজগাঁও ফায়ার স্টেশন) |
| (৮) | ফাহাদ ভূইয়া (পিএন-১০৫১২), ফায়ারফাইটার, সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা |
| (৯) | মোহাম্মদ গোলাম মোস্তফা (পিএন-৬১৩৪), ফায়ারফাইটার, ইপিজেড, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (১০) | মোঃ আরমান (পিএন-১২৩৩৪), ডুবুরি, রাজশাহী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন |

**(খ) প্রেসিডেন্ট ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সেবা পদক**

| ক্র: | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | মোঃ দুলাল মিয়া (পিএন-১০০০২০), উপপরিচালক (অ্যাম্বুলেন্স সার্ভিস), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা |
| (২) | মোঃ রায়হান (পিএন-১১০৭৫), স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নরসিংদী |
| (৩) | দোলন আচার্য্য (পিএন-৬৭৩৪), ওয়্যারহাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা |
| (৪) | মোঃ মানিক মিয়া (পিএন-২৬৫৮), লিডার, উত্তরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা |
| (৫) | মোঃ মঞ্জুরুল কাদির (পিএন-১২২৭), লিডার, ভাষাণটেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা (সংযুক্তঃ মিরপুর ফায়ার স্টেশন) |
| (৬) | রাব্বি (পিএন-১৩০৯৫), ফায়ারফাইটার, সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা (গাজীপুর চৌরাস্তা মডার্ণ ফায়ার স্টেশন বদলির আদেশাধীন) |
| (৭) | সুজন মিয়া (পিএন-৯৩০৭), ফায়ারফাইটার, কেরাণীগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা (কলমাকান্দা ফায়ার স্টেশন, নেত্রকোণা বদলির আদেশাধীন) |
| (৮) | রনি বিশ্বাস (পিএন-৮৬৬২), ফায়ারফাইটার, জয়দেবপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, গাজীপুর |
| (৯) | মোঃ জুয়েল রানা (পিএন-১০৪৩৯), ফায়ারফাইটার, মোহাম্মদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা |
| (১০) | মোঃ লুৎফর রহমান (পিএন-৭৮৪৬), ফায়ারফাইটার, ময়মনসিংহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন |

**(গ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পদক**

| ক্র: | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | জনাব মিঠু দেওয়ান (পিএন-৫১৪৮), লিডার (মৃত), কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (২) | মোঃ এমরান হোসেন মজুমদার (পিএন-৪২৭১), লিডার (মৃত), কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম (অ্যাম্বুলেন্স সার্ভিস) |
| (৩) | নিপন চাকমা (পিএন-৪৪১২), লিডার (মৃত), সীতাকুন্ড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৪) | মোঃ রানা মিয়া (পিএন-১৪০৫৩), ফায়ারফাইটার (মৃত), কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৫) | আলাউদ্দিন (পিএন-৬১৪৩), ফায়ারফাইটার (মৃত), কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| ক্র: | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
| (৬) | মোঃ শাকিল তরফদার (পিএন-১১৯৮৮), ফায়ারফাইটার (মৃত), মংলা ইপিজেড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, বাগেরহাট (সংযুক্ত: কুমিরা ফায়ার স্টেশন), কেশবপুর ফায়ার স্টেশন, যশোর বদলির আদেশাধীন |
| (৭) | রমজানুল ইসলাম (পিএন-১৩৯৫৩), ফায়ারফাইটার (মৃত), সীতাকুন্ড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৮) | মোঃ সালাউদ্দিন কাদের চৌধুরী (পিএন-৭৯৭৭), ফায়ারফাইটার (মৃত), সীতাকুন্ড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৯) | গাউসুল আজম (পিএন-১১৩২২), ফায়ারফাইটার (মৃত), মোড়লগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, বাগেরহাট (সংযুক্ত: কুমিরা ফায়ার স্টেশন) |
| (১০) | মনিরুজ্জামান (পিএন-৯৬১১), নার্সিং অ্যাটেনডেন্ট (মৃত), কুমিরা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম (অ্যাম্বুলেন্স সার্ভিস) |

**(ঘ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সেবা পদক**

| ক্র: | নাম, পিএন, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| (১) | মোহাম্মদ বজলুর রশিদ (পিএন-১৩৭৮),উপসহকারী পরিচালক (চ: দা:), উপসহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা (সদর) জোন-০১ |
| (২) | মোহাম্মদ শফিকুল ইসলাম (পিএন-৯৯৯৮), স্টেশন অফিসার, আগ্রাবাদ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৩) | মোঃ আশেক আল মারুফ (পিএন-১১০৪০), স্টেশন অফিসার, সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা |
| (৪) | মোঃ শহিদুল ইসলাম (পিএন-২১৬০), লিডার, ঝালকাঠী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন |
| (৫) | মোঃ তাজউদ্দিন (পিএন-১২৮৮১), ফায়ারফাইটার, হাজারীবাগ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা |
| (৬) | লিটন চন্দ্র পাল (পিএন-১০৮৪১), ফায়ারফাইটার, সিদ্দিকবাজার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা |
| (৭) | মোঃ রুবেল (পিএন-৯৭২৫), ফায়ারফাইটার, ইপিজেড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, চট্টগ্রাম |
| (৮) | মোঃ মাজেদুল ইসলাম (পিএন-৮৬০৮), ফায়ারফাইটার, রংপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন |
| (৯) | রাজিব হোসেন (পিএন-১২৩৪২), ডুবুরি, চাঁদপুর নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন |
| (১০) | মোঃ ফয়সাল (পিএন-১৩৪৮৪), ডুবুরি, লংগদু স্থল কাম-নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, রাঙ্গামাটি (সংযুক্ত: সমুদ্রগামী ফায়ার স্টেশন, চট্টগ্রাম) |
| (১১) | আনন্দ মোহন পাল (পিএন-১৩৪৮৩), ডুবুরি, আরিচা স্থল-কাম-নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, মানিকগঞ্জ |
| (১২) | মোঃ আঃ কাইয়ুম (পিএন-৯৬০১), ডুবুরি, উপপরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ (ডুবুরি ইউনিট) (সংযুক্তি: নারায়ণগঞ্জ নদী ফায়ার স্টেশন) |
| (১৩) | মোঃ রিপন হোসেন (পিএন-৯৬০৭), ডুবুরি, রাজশাহী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন (সংযুক্তি: কুড়িগ্রাম ফায়ার স্টেশন) |
| (১৪) | জুম্মন আহমেদ (পিএন-১৩৪৮৮), ডুবুরি, নিকলী স্থল কাম-নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কিশোরগঞ্জ (সংযুক্তি: সুনামগঞ্জ ফায়ার স্টেশন) |
| (১৫) | মোঃ মান্না মিয়া (পিএন-১২৩৩৮), ডুবুরি, নিকলী স্থল-কাম-নদী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কিশোরগঞ্জ (সংযুক্তি: জামালপুর ফায়ার স্টেশন) |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাহিদুল ইসলাম**
উপসচিব।